গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৮১৬ | তারিখ: ২৭/০৬/২০২১ খ্রি.

**বিষয়: ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (নবম সপ্তাহের জন্য) প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিত জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর ২৩/০৬/২০২১ খ্রি. তারিখের ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৭৮৮ নং স্মারকে জারীকৃত পত্র অনুসরণপূর্বক এ্যাসাইনমেন্ট বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া নিম্নোক্ত ছক মোতাবেক ৩০/০৬/২০২১ খ্রি. তারিখের মধ্যে তথ্য সংগ্রহ করে আঞ্চলিক উপপরিচালকগণ সংরক্ষণপূর্বক মাউশি অধিদপ্তর-কে অবহিত করবেন।

**ছক (এক্সেল ফরমেট)**

শিক্ষা প্রতিষ্ঠানের নাম, EIIN ও ঠিকানা:
ই-মেইল নং-
মোবাইল নং-

| ক্রমিক নং | ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির মোট শিক্ষার্থীর সংখ্যা (শ্রেণি ভিত্তিক) | .... সপ্তাহের এ্যাসাইনমেন্ট গ্রহণকারী শিক্ষার্থীর মোট সংখ্যা | .... সপ্তাহের এ্যাসাইনমেন্ট জমাদানকারী শিক্ষার্থীর মোট সংখ্যা | .... সপ্তাহের এ্যাসাইনমেন্ট জমাদান করেনি এমন শিক্ষার্থীর মোট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|

এমতাবস্থায়, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির নবম সপ্তাহের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সকল শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত:** এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (নবম সপ্তাহের জন্য)

২৭.০৬.২০২১
**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ০২-৪১০৫০২৮৫

**বিতরণ:**
১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, সকল জেলা
৩. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[এ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৪. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৬. সংরক্ষণ নথি

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | নীল নদ আর পিরামিডের দেশ (গদ্য) | পাঠ নম্বর: ০৩<br><br>নীল নদ আর পিরামিডের দেশ (ভ্রমণ কাহিনি) | নিজের ভ্রমণের অভিজ্ঞতা অথবা কারো কাছ থেকে শোনা একটি ভ্রমণ কাহিনির বর্ণনা দিয়ে ১৫০ শব্দের মধ্যে একটি নিবন্ধ রচনা কর। | তোমার পাঠ্য বইয়ের ১৪ পৃষ্ঠার নীল নদ আর পিরামিডের দেশ নামক ভ্রমণ কাহিনিটি পড়বে। | ১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা, তথ্য, তত্ত্ব, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ এবং লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে- **অতি উত্তম**<br><br>২. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা, তথ্য, তত্ত্ব, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ এবং লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে– **উত্তম**<br><br>৩. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব, তথ্য, তত্ত্ব, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে আংশিকভাবে সঙ্গতিপূর্ণ এবং লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে– **ভালো**<br><br>৪. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা, তথ্য, তত্ত্ব, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ নয় এবং লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব থাকলে– **অগ্রগতি প্রয়োজন** |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ**

**বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায়: জীবজগৎ | পাঠ-১:<br>জীবের প্রধান প্রধান বৈশিষ্ট্য<br><br>পাঠ-২:<br>জীবজগতের শ্রেণিকরণ<br><br>পাঠ-৩:<br>অসপুষ্পক উদ্ভিদ<br><br>পাঠ-৬:<br>সপুষ্পক উদ্ভিদ<br><br>পাঠ-৭:<br>আবৃতবীজী উদ্ভিদ<br><br>পাঠ-৮ :<br>অমেরুদন্ডী ও মেরুদণ্ডী প্রাণী<br><br>পাঠ-৯-১০:<br>অমেরুদণ্ডী ও মেরুদণ্ডী প্রাণীর বৈশিষ্ট্য | তোমার চারপাশে দেখা বিভিন্ন শ্রেণিভুক্ত দশটি প্রাণীর নাম বাছাই করে ছকে শ্রেণিবিন্যাস কর। মানবজীবনে এদের গুরুত্ব উল্লেখ করে এদের সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য কী কী পদক্ষেপ নেয়া যায়- এ লক্ষ্যে একটি প্রতিবেদন তৈরি কর। | শিক্ষার্থীরা প্রাণীর নামগুলো লিখে শ্রেণি বিন্যাস করবে। মানব জীবনে এই প্রাণীগুলোর গুরুত্ব উল্লেখপূর্বক এদের সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রতিবেদন তৈরি করবে। | **অতিউত্তম:**<br>১. ছকে শ্রেণিকরণের সঠিকতা<br>২. তথ্য, ধারণা সঠিকভাবে উপস্থাপন<br>৩. লেখায় লক্ষ্যণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১. ছকে শ্রেণিকরণের সঠিকতা<br>২. তথ্য, ধারণা উপস্থাপন অধিকাংশ সঙ্গাতিপূর্ণ<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>১. ছকে শ্রেণিকরণের সঠিকতা<br>২. তথ্য, ধারণা উপস্থাপন আংশিক সঙ্গাতিপূর্ণ<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. ছকে শ্রেণিকরণের অভাব<br>২. তথ্য, ধারণা উপস্থাপন অসংগতিপূর্ণ<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |